



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক নারী দিবস পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৮ মার্চ ২০২২খ্রিঃ

“টেকসই আগামীর জন্য জেতার সমতাই আজ অগ্রগণ্য” এ প্রতিপাদ্যকে সামনে রেখে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে ‘আন্তর্জাতিক নারী দিবস-২০২২’। দিবসটি উপলক্ষে সকাল ১০ টায় শেখ হাসিনা হলের সম্মুখে বেলাুন ও ফেস্টুন উড়িয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ‘আন্তর্জাতিক নারী দিবস-২০২২’ এর উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট, শেখ হাসিনা হলের প্রভোস্ট, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট, শিক্ষকমন্ডলী, শেখ হাসিনা হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থীসহ দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন। সকাল ১০.৩০ টায় শেখ হাসিনা হলের উদ্যোগে ক্যাম্পাসে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। শেখ হাসিনা হলের প্রভোস্ট ড. রেহানা পারভীনের নেতৃত্বে র্যালিতে শেখ হাসিনা হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। এদিকে ‘আন্তর্জাতিক নারী দিবস-২০২২’ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে সকাল ১০.৩০ টায় নারী কর্মকর্তা ও কর্মচারীদের সাথে নিয়ে কেক কাটেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি, সাধারণ সম্পাদকসহ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস